# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**09 DECEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) রাজ্য মন্ত্রীসভার দপ্তর সমূহের রদবদল/ বরাক উপত্যকার নতুন দুই মন্ত্রী কৌশিক রাইকে বরাক উপত্যকা উন্নয়ন বিভাগ ও খাদ্য ও অসামরিক সরবরাহ বিভাগ এবং কৃষ্ণেন্দু পালকে পশুপালন ও পশুচিকিৎসা সহ অন্যান্য বিভাগের দায়িত্ব/

(২) ভারতীয় রিজার্ভ ব্যাংকের নতুন গর্ভনর হিসেবে কেন্দ্রীয় রাজস্ব সচিব সঞ্জয় মালহোত্রাকে নিযুক্তি/

(৩) ভারত-বাংলাদেশ বৈদেশিক পরিক্রমা বিভাগের পরবর্তী পর্যায়ের আলোচনার জন্য ভারতের প্রতিনিধি দলটির নেতৃত্ব দিতে ভারতের বিদেশ সচিব বিক্রম মিশ্রী আজ ঢাকায় উপস্থিত/

এবং

(৪) ভূবনেশ্বরে চলতে থাকা জাতীয় জুনিয়র এথলেটিক্স প্রতিযোগিতার হাইজাম্পে আসামের জুবিন গোঁহাইয়ের স্বর্ণ পদক/ বর্ণিল শর্মার দৌড়ে রৌপ্য পদক অর্জন/

---

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা নেতৃত্বাধীন সাড়ে তিনবছরের মন্ত্রীসভার দপ্তগুলির আজ কিছু রদবদল করা হয়েছে ।মন্ত্রীসভায় নতুনকরে অর্ন্তভূক্ত হোয়া কৌশিক রাইকে খাদ্য অসামরিক সরবরাহ ও গ্রাহক পরিক্রমা বিভাগ , খনি ও খনিজ সম্পদ বিভাগ ,

নবগঠিত বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের দায়িত্ব দেওয়া হয়েছে । কৃষ্ণেন্দু পালকে পশু পালন ও পশু চিকিৎসা , মৎস্য ও প্রধানমন্ত্রী গ্রামসড়ক যোজনার অধীনে লোকনির্মাণ বিভাগের দায়িত্ব দেওয়া হয়েছে ।প্রশান্ত ফুকনকে শক্তি, দক্ষতা বিকাশ , নিয়োগ , ঔদ্যগিক , প্রধানমন্ত্রীর আয়ুষ্মান ভারত যোজনার অধীনে চিকিৎসা সেবা ও গবেষণা বিভাগের দায়িত্ব দেওয়া হয়েছে । রুপেশ গোয়ালাকে শ্রমিক কল্যাণ বিভাগ , চা জনজাতি ও আদিবাসী উন্নয়ন বিভাগ ও গৃহ বিভাগের অধীনে কারাগার , গৃহরক্ষী ও অসামরিক প্রতিরক্ষা বিভাগের দায়িত্ব দেওয়া হয়েছে ।মুখ্যমন্ত্রীর আগের কয়েকটি দপ্তরের দায়িত্বের ও কিছু পরিবর্তন করা হয়েছে । গৃহ ও কর্মচারী বিভাগের দায়িত্ব আগের মতো ই মুখ্যমন্ত্রীর নিজের হাতে রয়েছে । এক ইভাবে লোকনির্মাণের গৃহ , জাতীয় সড়ক বিভাগ ও লোকনির্মানের সড়ক শাখার দায়িত্ব মুখ্যমন্ত্রী নিজে দেখাশুনা করবেন । চিকিৎসা শিক্ষা ও গবেষণা বিভাগের দায়িত্ব মুখ্যমন্ত্রী নিজে দেখবেন ।এছাড়া বন্টন না করা বিভাগের দায়িত্ব ও মুখ্যমন্ত্রী ড: শর্মার হাতে রয়েছে ।

রঞ্জিত কুমার দাসকে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের দায়িত্বের সংগে আইন , পর্যটন ও সাধারণ প্রশাসনের দায়িত্ব দেওয়া হয়েছে । অতুল বরাকে কৃষি , কেশব মহন্তকে রাজস্ব ও দূযোগ ব্যবস্থাপনার দায়িত্ব দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------

একটি প্রথমসারির ব্যবসায়ীক গোষ্ঠীর বিরুদ্ধে উত্থাপিত উৎকোচ সংক্রান্ত মামলা এবং কংগ্রেস নেতাদের আমেরিকা যুক্তরাষ্ট্রের একটি সংস্থার সঙ্গে সম্পর্ক রয়েছে বলে উত্থাপিত অভিযোগ সহ অন্যান্য বিষয় নিয়ে সৃষ্টি হওয়া হুলুস্থুলময় পরিস্থিতির জন্য সংসদের উভয় সভার কাজকর্ম আজ বারবার স্থগিত রাখতে হয় । আজকের কার্যসূচী প্রথমবারের জন্য স্থগিত রাখার পর বেলা বারোটায় লোকসভা পুনরায় আরম্ভ হওয়ার সময়ে একইধরণের পরিস্থিতি অব্যাহত থাকে । সেইসময়ে সভার কাজকর্ম পরিচালনার দায়িত্বে থাকা অধ্যক্ষ ওম বিড়লা সভার কাজ চালিয়ে নিয়ে যাওয়ার জন্য সহযোগিতা চাইলেও তাঁর কথায় কোনো কাজ হয়নি । এই পরিস্থিতিতে সভার কাজকর্ম দুপুর দুটো পর্যন্ত স্থগিত রাখা হয় । এদিকে রাজ্যসভায়ও প্রথমে সভার কাজকর্ম স্থগিত রাখার পর বেলা বারোটায় পুনরায় শুরু করা হলে সেখানেও অনুরূপ পরিস্থিতির সৃষ্টি হয় । রাজ্যসভায় আজ শাসক ও বিরোধী পক্ষের মধ্যে এই বিষয়গুলি নিয়ে বাক-বিতন্ডা আরম্ভ হয় । পরে চেয়ারম্যান জগদীপ ধনকড় সভার কাজকর্ম চালানো সম্ভব নয় বলে উল্লেখ করে দুপুর দুটো পর্যন্ত সভা স্থগিত রাখার নির্দেশ দেন ।

---------------------------------------------------------------------------------

ভারতীয় রিজার্ভ ব্যাংকের নতুন গর্ভনর হিসেবে সঞ্জয় মালহোত্রাকে নিযুক্তি দেওয়া

হয়েছে । তিনি বর্তমানের গর্ভনর শক্তিকান্ত দাসের স্থলাভিষিক্ত হবেন । শ্রী মালহোত্রা বর্তমানে কেন্দ্রীয় রাজস্ব দপ্তরের সচিব হিসেবে কার্যনির্বাহ করছেন । তাঁকে আগামী তিন বছরের কার্যকালের জন্য রিজার্ভ ব্যাংকের গর্ভনর হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে । কেন্দ্রীয় মন্ত্রীসভার নিয়োগ সংক্রান্ত কমিটি শ্রী মালহোত্রার নামটি গর্ভনর হিসেবে অনুমোদন জানিয়েছে । আগামী ১১ই ডিসেম্বর অর্থাৎ বুধবার তিনি তাঁর দায়িত্বভার গ্রহণ করবেন ।

-----------------------------------------------------------------------------------

রাজ্যের বিজ্ঞান ও পরিবেশ কেন্দ্র, পারিপার্শ্বিক প্রভাবের মূল্যায়ন সম্পর্কে আগামী ১৪ই ডিসেম্বর থেকে ২৩শে ডিসেম্বর পর্যন্ত দশদিনের অনলাইন প্রশিক্ষণ কার্যসূচীর আয়োজন করেছে । এই প্রশিক্ষণে পরিবেশগত প্রভাব মূল্যায়ন প্রস্তুত করার পদ্ধতির উপর অধিবেশন, বেসলাইন ডাটা সংগ্রহের পদ্ধতি, পরিবেশ নিষ্কাশণ প্রক্রিয়ার সঙ্গে এর প্রভাব সমূহের সনাক্তকরণ এবং মূল্যায়ন ইত্যাদি বিষয়গুলিকে অর্ন্তভুক্ত করা হয়েছে । এই প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের দৃশ্যশ্রাব্য প্রশিক্ষণ সামগ্রী প্রদান করা হবে, যার মাধ্যমে সুবিধা অনুসারে নিজে নিজেই পড়াশুনা করা যাবে । পাঠ্যক্রমের সামগ্রী দৈনিক দুঘন্টার জন্যে পাওয়া যাবে । এই প্রশিক্ষণে পেশাদারী, উদ্যোগী, পরিবেশ পরামর্শদাতা, গবেষক, শিক্ষাবিদ, বেসরকারী সংগঠন সহ পরিবেশ সংক্রান্ত কাজ করতে আগ্রহী শিক্ষার্থীরা অংশ গ্রহণ করতে পারবে ।

-----------------------------------------------------------------------------------

মরিগাও জেলার জাগীরোডের ইতিহাস প্রসিদ্ধ জোনবিলের পারে আগামী ১৬ থেকে ১৮ ই জানুয়ারী পর্যন্ত ঐতিহাসিক জোনবিল মেলার আয়োজন করা হয়েছে । তিয়া সংস্কৃতির প্রাণকেন্দ্র তথা পাহার -সমতলের বিভিন্ন জাতি - জনগোষ্ঠির মিলন ভুমি এই জোনবিল মেলায় কার্বি আংলং জেলার ৫০ টির ও বেশী গ্রাম সহ মেঘালয়ের ২০ টির ও বেশী গ্রামের গ্রামবাসীরা উৎপাদিত সামগ্রী নিয়ে পরম্পরাগত বিনিময় প্রথায় অংশ গ্রহণ করবে ।জোনবিল মেলার দ্বিতীয় দিন গোভা দেওরাজার রাজদরবারে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা সহ বেশ কয়েকজন মন্ত্রী বিধায়ক উপস্থিত থাকবেন । এই রাজদরবারে ২২ জন তিয়া রাজাকে রাজ্যসরকার রাজভাট্টা প্রদান করবে ।

-----------------------------------------------------------------------------------

ভারত-বাংলাদেশের বৈদেশিক পরিক্রমা বিষয়ক কার্যালয়ের পরবর্তী পর্যায়ের আলোচনায় ভারতীয় প্রতিনিধি দলটির নেতৃত্ব দিতে ভারতের বিদেশ সচিব বিক্রম মিশ্রী ঢাকায় গিয়ে পৌঁছেছেন। আজ সকাল প্রায় সাড়ে আটটায় তিনি ভারতীয় বায়ুসেনার একটি বিমানে করে ঢাকায় উপস্থিত হন ।

চলতি বছরের পাঁচ আগস্ট বাংলাদেশে রাজনৈতিক পরিবর্তনের পর ভারত ও বাংলাদেশের মধ্যে এটি হচ্ছে প্রথম উচ্চপর্যায়ের আনুষ্ঠানিক বৈঠক । ঢাকায় পৌছার পর বাংলাদেশের বৈদেশিক পরিক্রমা মন্ত্রণালয়ের দক্ষিণ এশিয় মন্ডলের সঞ্চালক প্রধান ইসরত জাহান শ্রী মিশ্রীকে স্বাগত জানিয়েছেন । বাংলাদেশের ভারতীয় হাই কমিশনার প্রণয় ভার্মাও তাঁকে স্বাগত জানান । ভারতের বিদেশ সচিব হিসেবে শ্রী মিশ্রির এটাই প্রথম বাংলাদেশ সফর । ভারতীয় বৈদেশিক পরিক্রমা মন্ত্রণালয়ের মুখপাত্র রণ্ধীর জয়সওয়াল জানিয়েছেন যে- বিদেশ সচিব শ্রী মিশ্রী ঢাকায় সেদেশের বিদেশ সচিবের সঙ্গে সাক্ষাৎ করবেন । এছাড়া আরো কয়েকটি বৈঠক অনুষ্ঠিত হবে । উল্লেখ্য- বিদেশ সচিবের নেতৃত্বে বৈদেশিক পরিক্রমা বিভাগের আলোচনা ভারত-বাংলাদেশের মধ্যে কৌশলগত যোগাযোগ হিসেবে বিবেচিত হচ্ছে । তার এই সফরের সময়ে শ্রী মিশ্রীর বাংলাদেশের বৈদেশিক পরিক্রমা বিভাগের উপদেষ্টা মোঃ তৌহিদ হোসেনের সঙ্গে সৌজন্যমূলক সাক্ষাৎ করার সম্ভাবনা রয়েছে ।

---

ভূবনেশ্বরের কলিঙ্গ স্টেডিয়ামে চলতে থাকা জাতীয় জুনিয়র এথলেটিক্স প্রতিযোগিতার হাইজাম্প ইভেন্টে ছেলেদের ১৬ বছর অনুর্দ্ধ বিভাগে আসামের জুবিন গোঁহাই স্বর্ণ পদক অর্জন করেছে। এদিকে আসামের বর্ণিল শর্মা প্রতিযোগিতার ১৬ বছর অনুর্দ্ধ শাখায় ৮০ মিটার হার্ডল্‌স ইভেন্টে দশ দশমিক ৩-৯ সেকেন্ডে দৌড় সমাপ্ত করে রৌপ্য পদক অর্জন করেছে ।

---

আসাম সরকার রাজ্যের ছাত্র-ছাত্রীদের মধ্যে বিজ্ঞানকে আরো জনপ্রিয় করে তুলতে বিশেষ ব্যবস্থা গ্রহন করেছে । এ জন্য ভ্রাম্যমান বিজ্ঞান প্রদর্শনীর মাধ্যমে ছাত্র-ছাত্রীদের মধ্যে বিজ্ঞানের বিভিন্ন তথ্য সহজভাবে উপস্থাপন করা হচ্ছে । হাইলাকান্দির এস এস কলেজের ছাত্র-ছাত্রীদের জন্য আজ এই বিশেষ ভ্রাম্যমান বিজ্ঞান প্রদর্শনীটির সূচনা করা হয়েছে । জেলার শিক্ষা বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত ত্রিদিপ রায় এই প্রদর্শনীর উদ্বোধন করেছেন । এ উপলক্ষ্যে এস এস কলেজের অধ্যক্ষ হিলাল উদ্দিন লস্কর , বিজ্ঞান মন্দির হাইলাকান্দি শাখার সংযোজক বাহার উদ্দিন লস্কর প্রমূখ উপস্থিত ছিলেন । উল্লেখ্য হাইলাকান্দি জেলার ২২টি শিক্ষা প্রতিষ্ঠানে ভ্রাম্যমান বিজ্ঞান প্রদর্শনীর আয়োজন করা হবে ।

---

শিলচরের হিউমিনিটি ফাউন্ডেশনের উদ্যোগে সম্প্রতি গোপালগঞ্জে আয়োজিত এক সভায় বাংলাদেশের সাম্প্রতিক পরিস্থিতি নিয়ে আলোচনা এবং সেদেশে সংখ্যালঘু

সম্প্রদায়ের নির্য্যাতনের প্রতিবাদ জানিয়ে আজ ভারতের রাষ্ট্রপতি , উপ-রাষ্ট্রপতি বিদেশমন্ত্রী এবং রাজ্যের মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে একটি স্মারক পত্র দেওয়া হয়েছে । স্মারক পত্রে ভারত-বাংলাদেশের মধ্যে বিদ্যমান সমস্যা কূটনৈতিক স্তরে সমাধানের দাবী জানানো হয়েছে । স্মারক পত্র প্রদানকালে প্রতিনিধি দলে আবিদ রাজা মজুমদার , সিহাব উদ্দিন আহমেদ ,হিল্লোল ভট্টাচার্য্য প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

হাফলং এর প্রবীন সাংবাদিক তথা রাজনীতিবিদ রুদ্রজিৎ লাইশ্রামের অন্তেষ্টিক্রীয়া আজ হাফলং এ সম্পন্ন হয় । বৃক্কজনিত রোগের জন্য তাকে গৌহাটীর একটি বেসরকারী চিকিৎসালয়ে ভর্তি করা হলে গতকাল রুদ্রজিৎ লাইশ্রামের মৃত্যু হয় । বয়স হয়েছিল ৮১ । ১৯৭০ থেকে ১৯৯০ সাল পর্যন্ত তিনি আকাশবানী গৌহাটীর অংশকালীন সংবাদদাতা হিসেবে কাজ করেছেন । ডিমা হাসাও জেলায় সমাজসেবা ও রাজনীতির সংগে জড়িত লাইশ্রাম পরিবর্তীসময়ে রাজনীতিতে যোগদান করেছিলেন ও ডিমা হাসাও জেলা কংগ্রেস কমিটির উপ -সভাপতি হিসেবে তিনি কার্যনির্বাহ করেছেন । আকাশবানী গৌহাটীর সংবাদ বিভাগে আজ অনুষ্ঠিত এক শোকসভায় তার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয় ।

---

শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে জেলায় আগামী ১৫ই ডিসেম্বর বিজয় দিবস পালন করা হবে । এ উপলক্ষ্যে আজ জেলা উন্নয়ন আয়ুক্ত দীপক জিডুং-এর পৌরহিত্যে আয়োজিত সভায় জানানো হয় যে আগামী ১৫ই ডিসেম্বর বিজয় দিবস উপলক্ষ্যে আকবরপুর থেকে শুরু হয়ে সুতারকান্দি পর্য্যন্ত এক বিশাল পদযাত্রা অনুষ্ঠিত হবে । পদযাত্রায় ১৫ থেকে ২৯ বছর বয়সের যুবাদের অধিক সংখ্যায় নাম নথিভুক্তির জন্য mybharat.gov.in পোর্টাল এ গিয়ে নাম নথিভুক্ত করতে হবে। আজকের সভায় অতিরিক্ত আয়ুক্ত ধ্রুবজ্যোতি দেব , পুলিশ সুপার পার্থ প্রতিম দাস , সহকারী আয়ুক্ত প্রিয়াঙ্কা ইয়ামনাম , জেলা ক্রিড়া আধিকারীক ঝিমলী বরা প্রমুখ অংশগ্রহন করেন ।

---